গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৪২

## জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবসের কর্মসূচি

রাজশাহী, ২৭ শ্রাবণ (১১ আগস্ট):

আগামীকাল মঙ্গলবার (১২ আগস্ট) জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস। এবারের প্রতিপাদ্য– 'প্রযুক্তি নির্ভর যুবশক্তি বহুপাক্ষিক অংশীদারিত্বে অগ্রগতি'। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে রাজশাহী জেলা প্রশাসন ও যুব উন্নয়ন অধিদপ্তরের যৌথ উদ্যোগে নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

দিবসটি উপলক্ষ্যে দুপুর বারোটায় জেলা প্রশাসকের কার্যালয় চত্বর হতে যুব র‍্যালি বের করা হবে। র‍্যালি শেষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে দিবসটির প্রতিপাদ্যের উপর আলোচনা সভা অনুষ্ঠিত হবে এবং একই স্থানে যুব ঋণের চেক, ক্রেস্ট এবং সনদ তুলে দেয়া হবে। দুপুর একটায় যুব প্রশিক্ষণ কেন্দ্রে ৩৬টি বৃক্ষরোপণ করে ২০২৪ শহিদ স্মরণে চত্বর তৈরি করা হবে।

অনুষ্ঠানে জেলা প্রশাসক আফিয়া আখতারের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

.......................................................................

রুহুল/আতিক/আলীম/হালিম/২০২৫/১২.০০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd